# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৬৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ إِسْمَاعِيلَ الْأَيْلِيُّ ، ثَنَا الْهَيْثَمُ بْنُ خَالِدٍ ، ثَنَا أَبُو نُعَيْمٍ ، نَا سُلَيْمَانُ بْنُ أَرْقَمَ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ سَالِمٍ ، عَنْ أَبِيهِ ، قَالَ : تَيَمَّمْنَا مَعَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : ضَرَبْنَا بِأَيْدِينَا عَلَى الصَّعِيدِ الطَّيِّبِ ، ثُمَّ نَفَضْنَا أَيْدِينَا ، فَمَسَحْنَا بِهَا وُجُوهَنَا ، ثُمَّ ضَرَبْنَا ضَرْبَةً أُخْرَى الصَّعِيدَ الطَّيِّبَ ، ثُمَّ نَفَضْنَا أَيْدِينَا ، فَمَسَحْنَا بِأَيْدِينَا مِنَ الْمَرَافِقِ إِلَى الْأَكُفِّ عَلَى مَنَابِتِ الشَّعْرِ مِنْ ظَاهِرٍ وَبَاطِنٍ

বাংলা

৬৬৩(১৯). মুহাম্মাদ ইবনে আলী ইবনে ইসমাঈল আল-উবুল্লী (রহঃ) ... সালেম (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তাইয়াম্মুম করেছি। আমরা আমাদের উভয় হাত পাক মাটিতে মেরেছি, তারপর আমাদের দুই হাত ঝেড়ে ফেলেছি এবং তা দিয়ে আমাদের মুখমণ্ডল মসেহ করেছি। এরপর আমরা দ্বিতীয়বার পাক মাটিতে আমাদের দুই হাত মেরেছি, তারপর উভয় হাত ঝেড়ে ফেলেছি এবং তা দিয়ে কনুই থেকে কব্জি পর্যন্ত অর্থাৎ চুল উঠার জায়গা পর্যন্ত (উভয় হাত) এপিঠ-ওপিঠ মসেহ করেছি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80452

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন